

পশ্চিমবঙ্গ সরকার
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর
জেসপ বিল্ডিং (দ্বি-তল), ৬৩, নেতাজী সুভাষ রোড
কলকাতা - ৭০০ ০০১

নং :- ২১৪৪/পি.এন./ও/১/৩সি-৪/৯৬ (অংশ-১)

তারিখ: ১৮. ০৫. ২০০৯

আদেশনামা

যেহেতু সংশোধনোত্তর পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩ (১৯৭৩-এর পশ্চিমবঙ্গ ৪১ আইন)-এর ১৬ক ধারার (২) উপধারা অনুযায়ী রাজ্যের প্রত্যেক গ্রাম পঞ্চায়েতের এলাকাভুক্ত সকল গ্রাম সংসদে বাৎসরিক সভার অনুষ্ঠান সাধারণভাবে প্রতি বৎসর মে মাসে অনুষ্ঠিত হওয়া আবশ্যিক;

এবং যেহেতু গ্রাম সংসদের সভা অনুষ্ঠানের প্রয়োজনীয়তা ও গুরুত্বের বিষয়ে কোন দ্বিমতের অবকাশ নেই;

এবং যেহেতু চলতি বৎসরের এপ্রিল মাসের শেষ দিক ও মে মাস ব্যাপী পঞ্চদশ লোকসভা নির্বাচন ও গণনা উপলক্ষে রাজ্যের বিভিন্ন স্তরে রাজনৈতিক নেতৃবৃন্দ ও সংশ্লিষ্ট আধিকারিকগণ কর্মব্যস্ত থাকার জন্য মে মাসে গ্রাম সংসদ সভার আয়োজন করা সম্ভব হয়নি;

অতএব, পূর্বোক্ত আইনের ২১২ ধারায় প্রাপ্ত ক্ষমতাবলে রাজ্যপাল এতদ্বারা নির্দেশ জারি করছেন যে ২০০৯ সালের মে মাসে অনুষ্ঠিতব্য গ্রাম সংসদের বাৎসরিক সভার অনুষ্ঠান চলতি বৎসরের ৩০শে জুন, ২০০৯ তারিখের মধ্যে, দার্জিলিং জেলার শিলিগুড়ি মহকুমার মধ্যে অবস্থিত গ্রাম পঞ্চায়েতগুলি এবং রাজ্যের অন্য জেলাগুলির যে সকল গ্রাম পঞ্চায়েতে, পঞ্চায়েত সমিতিতে ও জেলা পরিষদে উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে ঐ নির্বাচন ক্ষেত্রগুলি ব্যতীত রাজ্যের সকল গ্রাম পঞ্চায়েতে সম্পন্ন করতে হবে এবং ঐ সভায় সকল সদস্য তথা ভোটারদের অংশগ্রহণ সুনিশ্চিত করার জন্য গ্রাম পঞ্চায়েত ব্যাপকভাবে প্রচারকার্য চালাবে।

পূর্বোক্ত আইনের ঐ একই ধারা বলে রাজ্যপাল আরও নির্দেশ দিচ্ছেন যে নিম্নোক্ত বিষয়গুলি সম্বন্ধে বিশেষ আলোচনা ঐ সভায় স্থান পাবে :-

১. এই বিভাগ কর্তৃক গত ২১. ০১. ২০০৯ তারিখে প্রচারিত আদেশনামা নং ২৯৮/পি.এন./ও/১/৩সি-৭/০৩ অনুযায়ী ১৩টি (তেরোটি) বিষয়ের উপর সংসদে তথ্য প্রকাশ ও আলোচনা। তথ্য প্রকাশের পদ্ধতি স্মারক নং ৮৭২/পি.এন./ও/১/৩সি-৭/০৩ তারিখ: ২২. ০৪. ২০০৯-তে বিস্তৃত ভাবে উল্লেখ করা হয়েছে এবং ঐ পদ্ধতি অনুসরণ করতে হবে।
২. জাতীয় গ্রামীণ কর্ম সুনিশ্চিতকরণ প্রকল্প (NREGS)-এর পরিকল্পনা রচনা সম্পর্কে আলোচনা।

৩. ইন্দিরা গান্ধী জাতীয় বার্ষিক্য ভাতা প্রকল্প (IGNOAPS), ইন্দিরা গান্ধী জাতীয় বিধবা ভাতা প্রকল্প (IGNWPS) ও ইন্দিরা গান্ধী জাতীয় প্রতিবন্ধী ভাতা প্রকল্প (IGNDPS) সম্পর্কে আলোচনা ও উপভোক্তা নির্বাচন।
৪. ইন্দিরা আবাস যোজনা (IAY)-এর ক্ষেত্রে পি_১ সমান ২ (P_১ = ২) (যেখানে P_১ = ১ আর নেই) সম্পর্কে আলোচনা ও উপভোক্তা নির্বাচন।

রাজ্যপালের আদেশানুসারে,

স্বাঃ- মানবেন্দ্রনাথ রায়
প্রধান সচিব, পশ্চিমবঙ্গ সরকার

নং :- ২১৪৪/১(৯)/পি.এন./ও/১/৩সি-৪/৯৬ (অংশ-১)

তারিখ: ১৮. ০৫. ২০০৯

আদেশনামার প্রতিলিপি জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য প্রেরিত হল :

১. কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পঞ্চায়েত ভবন, কলকাতা-৭০০ ০০১।
২. অধিকর্তা, রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সংস্থা, কল্যাণী, নদীয়া।
৩. সভাপতি জেলা পরিষদ।
৪. জেলা শাসক জেলা।
৫. বিভাগীয় কমিশনার,.....।
৬. মহকুমা শাসক মহকুমা।
৭. জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক জেলা।
৮. ব্লক উন্নয়ন আধিকারিক ব্লক।
আদেশনামার অনুলিপি সকল গ্রাম পঞ্চায়েতে বন্টনের জন্য অনুরোধ করা হচ্ছে।
৯. ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের একান্ত সচিব / রাষ্ট্রমন্ত্রী মহাশয়ের একান্ত সচিব।

যুগ্মসচিব, পশ্চিমবঙ্গ সরকার